দৈনিক সংবাদ

তারিখ 27 APR 1992

পৃষ্ঠা ৮ কলাম ৪

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট

# অস্থায়ী রাষ্ট্রপতি মনোনীত ৩ জন সদস্যকে সরিয়ে দেয়া হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে এপ্রিল।– গত বছর অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমদ কর্তৃক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দু'বছরের জন্য মনোনীত ৩ জন সিন্ডিকেট সদস্যকে 'বেআইনীভাবে' সরিয়ে দিয়ে সরকার নতুন ৩ জন সদস্য নিয়োগ করেছেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জামাতীকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে এই মনোনয়ন দেয়া হয়েছে বলে অভিজ্ঞ মহল অভিমত ব্যক্ত করেন।

অস্থায়ী রাষ্ট্রপতি ১৯৯১ সালের মার্চ মাসে তিনজন সরকারী কর্মকর্তা যথাক্রমে ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন, এস এ বারী (যুগ্ম–সচিব) ও

সিন্ডিকেট ঃ পৃঃ ৮ কঃ ...

## সিন্ডিকেট ঃ নতুন নিয়োগ

(১ম পাতার পর)

আবদুল করিমকে (যুগ্ম–সচিব) ২ বছরের জন্য সিন্ডিকেট সদস্য মনোনীত করেছিলেন। তাদের মেয়াদ ১৯৯৩ সালের মার্চে শেষ হবার কথা। কিন্তু কোন প্রকার কারণ ছাড়াই সরকার গতকাল শনিবার তাদের সরিয়ে দিয়ে সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, চট্টগ্রামের বিভাগীয় কমিশনার ও এতদঞ্চলের জামাতের পৃষ্ঠপোষক হিসেবে পরিচিত ওমর ফারুক এবং জামাতপন্থী শিক্ষক নেতা অধ্যাপক নূরুদ্দিন চৌধুরীকে দু'বছরের জন্য সিন্ডিকেট সদস্য নিয়োগ করেছেন।